



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

**UNIVERSITY OF NORTH BENGAL**  
B.A. Programme 3rd Semester Examination, 2022

**DSC1/2-P3-BENGALI**

**NEW SYLLABUS**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**DSC3A/3B**

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) “নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে” — এটি কোন্ পর্যায়ের পদ ? পদটির রচয়িতা কে ? এখানে ‘নীরদ নয়নে’ শব্দের অর্থ কী ?
- (খ) “কি কহব রে সখি আনন্দ ওর” — পদটির রচয়িতা কে ? পদকর্তা চির মিলনের আবেগ-উচ্ছ্বাস কীভাবে শ্রীমতি রাখার মাধ্যমে প্রকাশ করেছেন ?
- (গ) “রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর” — “রূপ লাগি আঁখি বুঝে” কথার অর্থ কী ? এখানে রাখার নব অনুরাগে চিত্তের ব্যাকুলতাকে পদকর্তা কীভাবে প্রকাশ করেছেন ?
- (ঘ) রবীন্দ্রনাথ গ্রাম্য সাহিত্য ও শিষ্ট সাহিত্যের পার্থক্যগুলি কীভাবে চিহ্নিত করেছেন ?
- (ঙ) “আমি ছড়াকে মেঘের সহিত তুলনা করিয়াছি” — এরূপ উক্তির তাৎপর্য কী ?
- (চ) “ছড়ার জগৎ স্বপ্নের জগৎ” — কেন বলা হয়েছে ?
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) “কণ্টক গাড়ী কমল-সম পদতল” — কোন্ পর্যায়ের পদ ? পদটির ভাববস্তু সংক্ষেপে লেখো।
- (খ) ‘প্রেমবৈচিত্র্য ও আক্ষেপানুরাগ’ কাকে বলে ? তোমাদের পাঠ্য এই পর্যায়ের পদের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
- (গ) বৈষ্ণব পদাবলীতে কোন্ পদকর্তাকে তোমার শ্রেষ্ঠ বলে মনে হয় এবং কেন ? — আলোচনা করো।
- (ঘ) ব্রজবুলি কী ? এই ভাষার বৈশিষ্ট্য আলোচনা করো।
- (ঙ) ‘কামচারিতা ও কামরূপধারিতা’ শব্দ দুটির অর্থ কী ? ছড়াকে কেন কামচারী ও কামরূপধারী বলা হয়েছে ?
- (চ) কবিগানের প্রকৃতি ও গুরুত্ব সম্পর্কে লেখো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ‘প্রার্থনা’ কাকে বলে ? প্রার্থনা পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।
- (খ) “বৈষ্ণব-পদাবলী বৈষ্ণব তত্ত্বের রসভাস্য” — আলোচনা করো।
- (গ) রবীন্দ্রনাথের মতে গ্রাম্য সাহিত্যের প্রকৃতি কী রকম ? সে সম্পর্কে লেখো।
- (ঘ) হরগৌরী বিষয়ক ও রাখাকৃষ্ণ বিষয়ক গানের পার্থক্য নির্দেশ করো।

—x—